

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
আদর্শ সদর, কুমিল্লা।  
www.dls.comillasadar.comilla.gov.bd

স্মারক নং-৩৩.০১.১৯৬৭.০০০.১৮.০০১.২১.১৫৯

তারিখ: ০৩/০৭/২০২২ খ্রি:

### অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, আদর্শ সদর, কুমিল্লা এর কর্মরত সকল কর্মকর্তা / কর্মচারী কে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

- ১। সকল কর্মকর্তা/ কর্মচারীকে কার্যদিবসে দৈনিক ৯.০০ ঘটিকার মধ্যে অফিসে আগমণ এবং অতঃপর হাজিরা খাতায় স্বাক্ষর প্রদান করতে হবে।
- ২। সকাল ৯.০০ হতে ৯.৪৫ পর্যন্ত আবশ্যিকভাবে দপ্তরে অবস্থান নিশ্চিত করতে হবে।
- ৩। অফিস সময়ে অগ্রিম ভ্রমণসূচী অনুসারে দাপ্তরিক কাজে অফিসের বাহিরে গমন করলে মুভমেন্ট রেজিস্টারে যথাযথকারণ লিপিবদ্ধ করত প্রস্থান করার জন্য বলা হচ্ছে। অগ্রিম ভ্রমণসূচী ডাকফাইলে সংরক্ষণ করতে হবে।
- ৪। অনুমোদিত ছুটি ব্যতীত কর্মস্থল ত্যাগ করা যাবে না।
- ৫। দাপ্তরিক উপস্থিতি নিশ্চিত হওয়ার জন্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ হাজিরা খাতার প্রতিচ্ছবি হোয়াটস এপ/ মেইলে তাৎক্ষণিকভাবে তলব স্বাপেক্ষে চাহিত তথ্যাদি অনতিবিলম্বে প্রেরণ নিশ্চিত করা হবে।
- ৬। অননুমোদিত অনুপস্থিতি, বিলম্বে উপস্থিতি, নির্দেশনা পালনে ব্যর্থতা ইত্যাদি কর্মকান্ডের জন্য চাকুরি বিধিমালা অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। তাৎক্ষণিক যে কোন সরকারি নির্দেশনা উপরোক্ত আদেশের উপরে প্রাধান্য পাবে।



(ডা: সুমন ভৌমিক)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
আদর্শ সদর, কুমিল্লা।

ফোন: ০২৩৩৪৪০৬০১৬

e-mail: uloadarshasadarcomilla@gmail.com

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ৩। অফিস নথি।